

আইসিটি-২ শাখা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা	
তারিখ: ২৯/১২/২০২০	
ডায়েরী নং- ২০৭০	
এআইজি আইসিটি-২	
অতিরিক্ত এসপি (আইসিটি-২)	
এএসপি (আইসিটি-২)	



অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা  
[www.police.gov.bd](http://www.police.gov.bd)

১৪ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

তারিখ:- ২৯ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৪৪.০১.০০০০.৩২২.২৫.০০৫.২০২০- ৫৬

বিষয়: জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের জন্য অনলাইন স্বল্পমেয়াদি ফরাসি ভাষা (French Language) কোর্সে মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণের ভাষার দক্ষতা বৃদ্ধি ও মিশন এলাকার চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট ভাষায় পারদর্শী কর্মকর্তা তৈরীর লক্ষ্যে অনলাইনে ০৩ (তিন) মাস মেয়াদি “Basic French Language Course-7” করানো হবে।

এমতাবস্থায়, “Basic French Language Course-7”-এ অংশগ্রহণে ইচ্ছুক আগ্রহী এসআই/সার্জেন্ট হতে তদুর্ধ্ব পদমর্যাদার আগ্রহী কর্মকর্তাগণের (নারী ও পুরুষ) নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে মনোনয়ন/আবেদন (হার্ড কপি ফ্যাক্স/ডাকযোগে ও সফট কপি MS excel ফরমেটে সিডি ও ই-মেইলে) আগামী ১০ জানুয়ারি ২০২১ পুনঃ ১০ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে একীভূত (সকল ইউনিট প্রধান ও জেলার ক্ষেত্রে রেঞ্জ ডিআইজি কার্যালয় হতে) করে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

- আগামী ১০ জানুয়ারি ২০২১ তারিখে মনোনীত কর্মকর্তাদের বয়স অনূর্ধ্ব ৫০ বছর হতে হবে;
- সমগ্র চাকুরী জীবনে কোন গুরুদণ্ড প্রাপ্ত কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না;
- মনোনীত/আবেদনকারী কর্মকর্তাগণের বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/মুলতবী/প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করেননি, পূর্ববর্তী কোন মিশনে নিয়োজিত থাকাকালে কোন বিরূপ তথ্য পাওয়া যায়নি এবং French Language প্রশিক্ষণ (বেসিক ও উচ্চতর) এর জন্য মনোনীত করা হলে প্রতিটি ক্লাসে নির্ধারিত সময়ে অংশগ্রহণের জন্য কর্মস্থল হতে ছাড়পত্র প্রদান করা হবে মর্মে ইউনিট প্রধান কর্তৃক পৃথকভাবে প্রত্যেকের জন্য নমুনা মোতাবেক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে (সংযুক্তি-১);
- ইতঃপূর্বে আবেদনকারী চাকুরী জীবনে গুরুদণ্ড প্রাপ্ত হননি, পূর্ববর্তী কোন মিশনে নিয়োজিত থাকাকালে কোন বিরূপ মন্তব্য প্রাপ্ত হননি এবং French Language প্রশিক্ষণ (বেসিক ও উচ্চতর) মনোনীত করা হলে প্রতিটি ক্লাসে নির্ধারিত সময়ে অংশগ্রহণে এবং নিজের যোগ্যতা প্রমাণে সচেষ্ট থাকবেন মর্মে ঘোষণাপত্র প্রদান করতে হবে (সংযুক্তি-২);
- ভুল তথ্য প্রদানকারী পুলিশ কর্মকর্তাগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে শান্তিরক্ষা মিশনে প্রেরণের ক্ষেত্রে বিবেচনা করা হবে না;
- নিচের “ছক” অনুযায়ী ইউনিট হতে প্রাথমিকভাবে মনোনীত কর্মকর্তাগণের তথ্যাদি প্রেরণ করতে হবে-

ছকঃ মনোনীত কর্মকর্তাগণের তথ্যাদি-

Serial No.	Language	Police ID	Rank	Gender	Date of Birth (dd/mm/yy)	Date of Joined to Police (dd/mm/yyyy)	First Name	Family Name	Educational Qualification	Unit	Name of Previous Mission (s)	Date of Return from Last Mission	Mobile No	Remarks

উল্লেখ্য, যথাযথ কর্তৃপক্ষের (ইউনিট প্রধান/জেলার ক্ষেত্রে রেঞ্জ ডিআইজি কার্যালয়) মাধ্যম ব্যতীত এবং সুনির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ ব্যতিরেকে প্রেরিত মনোনয়ন এবং ব্যক্তিগত আবেদন গ্রহণযোগ্য হবে না।

*(Signature)* ২৭/১২/২০২০

সংযুক্তি: ০২ (দুই) পাতা

মোঃ আরিফুর রহমান মন্ডল, বিপিএম (বার), পিপিএম (বার)

বিপি নং-৭৬০৬১১৯৭৪২

এআইজি (ইউএন অ্যাফেয়ার্স-ট্রেনিং), বাংলাদেশ পুলিশ

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

ই-মেইল: aigunpotphq@gmail.com

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর-১৪, ঢাকা
- ২। অতিরিক্ত আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ৩। অতিরিক্ত আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ৪। অতিরিক্ত আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা

